

প্রেস রিলিজ

বাংলাদেশ দূতাবাস, আবুধাবি বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে যথাযোগ্য মর্যাদায় আজ মঙ্গলবার ৮ আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিনী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেসা মুজিবের ৯৩তম জন্মবার্ষিকী পালন করেছে। দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী, তাদের সহধর্মিনী, বাংলাদেশ লেডিস এ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ, আবুধাবিস্থ বাংলাদেশী কমিউনিটির নেতৃবৃন্দ, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিবর্গ, গণমাধ্যমকর্মীসহ সর্বস্তরের প্রবাসীবৃন্দ এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। দিবসের কর্মসূচীর মধ্যে ছিল বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, তাঁর জীবনী ও কর্মের উপর প্রামাণ্যচিত্র প্রদর্শনী, এ দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কতৃক প্রদত্ত বাণী পাঠ, বঙ্গমাতার জীবন ও কর্মের উপর আলোচনা ইত্যাদি। মান্যবর রাষ্ট্রদূত বঙ্গমাতার জীবনী আলোচনা করতে গিয়ে বলেন যে তিনি শুধু বাংলাদেশের স্বাধীকার ও স্বাধীনতা আন্দোলন নয়, বরং ব্রিটিশবিরোধী আন্দোলনের সময় থেকে শুরু করে বঙ্গবন্ধুকে ছায়ার মতো অনুসরণ করেছেন এবং সর্বোত্র সহযোগিতা করেছেন, সাহস যুগিয়েছেন। বঙ্গবন্ধু শেখ মুজিব থেকে জাতির পিতায় পরিণত হওয়ার পেছনে বঙ্গমাতার অসামান্য অবদান রয়েছে। ক্ষমতার শীর্ষে আরোহণ করেও তিনি ও তাঁর পরিবার ভোগবাদী জীবনাচার থেকে দূরে থেকে অত্যন্ত সাদামাটা জীবন যাপন করেছেন যা সুখী-সুন্দর জীবন ও সমাজ গঠনের জন্য অনুকরণীয় আদর্শ। অনুষ্ঠান শেষে বঙ্গমাতাসহ জাতির পিতার পরিবারের সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। কিছু আলোকচিত্র দেয়া হলোঃ





